

শিশু ও ঝুঁকিতে থাকা প্রাপ্ত বয়স্ক ব্যক্তির সুরক্ষা

নির্যাতন হচ্ছে দৈহিক আঘাত, যৌন নির্যাতন, অবহেলা অথবা মানসিক আঘাতের মাধ্যমে কোনো শিশু বা ঝুঁকিতে থাকা প্রাপ্তবয়স্ক ব্যক্তির গুরুতর ক্ষতি করা, যাতে তাদের শারীরিক ও মানসিক বিকাশ বাধাগ্রস্ত হয়।



সুরক্ষা বলতে বোঝায় কোনো ব্যবস্থা, যা কোনো ব্যক্তি, বিশেষ করে শিশু, ঝুঁকিতে থাকা প্রাপ্তবয়স্ক ব্যক্তি* ও নারীর মানবাধিকার নিশ্চিত করে এবং যে কোনো ধরনের ক্ষতি, নির্যাতন এবং অবহেলা থেকে তাকে রক্ষা করে।


সুরক্ষার জন্য অবশ্য করণীয়-

- মারধোর বা শারীরিক আঘাত না করা;
- ১৮ বছরের নিচে কারো সাথে যৌন সম্পর্ক স্থাপন না করা;
- এমনকি প্রাপ্ত বয়স্ক ব্যক্তির সাথেও জোরপূর্বক যৌন কর্মকাণ্ডে লিপ্ত না হওয়া;
- শিশু ও ঝুঁকিতে থাকা প্রাপ্ত বয়স্ক ব্যক্তিকে দিয়ে বেআইনি বা বিপদজনক কাজ না করানো;
- এমন কোনো কাজ না করা যাতে শিশু ও ঝুঁকিতে থাকা প্রাপ্তবয়স্ক ব্যক্তি লজ্জিত বা অপমানিত হয়;
- বৈষম্যমূলক বা পক্ষপাতমূলক আচরণ না করা;
- পর্ণোগ্রাফি বা চরম সহিংসতামূলক কিছু না দেখানো;
- শিশু বা ঝুঁকিতে থাকা প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে সেবাদানের সময় কমপক্ষে দু'জন ব্যক্তির উপস্থিতি নিশ্চিত করা।
- সংস্থার কর্মীদের সতর্ক থাকতে হবে, যেন তাদের দ্বারা সংস্থার কাজের সাথে সম্পর্কিত কোনো ব্যক্তি ক্ষতিগ্রস্ত বা নির্যাতিত না হয়।
- নির্যাতনের ঘটনা ঘটলে বা লক্ষণ দেখতে পেলে, ২৪ ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট ফোকাল পার্সনকে অবহিত করুন।

সংস্থার কর্মীদের সতর্ক থাকতে হবে, যেন তাদের দ্বারা সংস্থার কাজের সাথে সম্পর্কিত কোনো ব্যক্তি ক্ষতিগ্রস্ত বা নির্যাতিত না হয়।

নির্যাতনের ঘটনা ঘটলে বা লক্ষণ দেখতে পেলে, ২৪ ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট ফোকাল পার্সনকে অবহিত করুন।

কীভাবে অবহিত করবো?



অভিযোগ বাক্স



ইমেইল



ফোন



মৌখিকভাবে



ইশারা ভাষায়

জরুরী প্রয়োজনে জাতীয় হেল্পলাইনে
যোগাযোগ করুন-



সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন্ ডেভেলপমেন্ট (সিডিডি)



*ঝুঁকিতে থাকা প্রাপ্তবয়স্ক ব্যক্তি: ১৮ বছর বা তার বেশি বয়সের যে কেউ, যিনি দৈনন্দিন জীবনযাপনে সহায়তা, মৌলমানবিক চাহিদাপূরণ, নিরাপত্তাজনিত পরনির্ভরশীলতা এবং যে কোনো মানবিক পরিস্থিতিতে নির্যাতন বা শোষণের ঝুঁকিতে রয়েছেন।